ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ১৮তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৫ আশ্বিন ১৪২৫, ৩০ সেপ্টেম্বর ২০১৮

আগামী ৬ অক্টোবর ঢাবি'র ৫১তম সমাবর্তন

আগামী ৬ অক্টোবর ২০১৮ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১তম সমাবর্তন অনুষ্ঠিত হবে। সমাবর্তনে সভাপতিত্ব করবেন রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যাঞ্চেলর মো. আব্দুল হামিদ।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠেয় এই সমাবর্তনে সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান। এতে বক্তব্য রাখবেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ৫১তম সমাবর্তন সফল করতে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভায় ১টি নির্বাহী কমিটি, ১টি ব্যবস্থাপনা কমিটি এবং ২৬টি উপ-কমিটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

এই ৫১তম সমাবর্তনে প্রায় ২১,১০০ জন শিক্ষার্থীর মাঝে সনদ বিতরণ করা হবে।

দু'দিনব্যাপী আইন সম্মেলন অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদের উদ্যোগে "আইন, বিচার ও সমাজ" শীর্ষক দু'দিনব্যাপী সিনিয়র এ্যাডভোকেট ওজায়ের ফারুক স্মৃতি আইন সম্মেলন গত ১৬ সেপ্টেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে এটর্নি জেনারেল এ্যাডভোকেট মাহবুবে আলম ও সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সভাপতি জয়নুল আবেদিন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমান, অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হক ও ব্যারিস্টার মো. ইমতিয়াজ ফারুক বক্তৃতা করেন। আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ স্বাগত বক্তব্য দেন এবং আইন বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন বাংলাদেশের আইন পেশার উন্নয়নে প্রয়াত (২য় পৃষ্ঠায় দেখুন)

তৃতীয় জাতীয় ক্ষুদে গবেষক সম্মেলন অনুষ্ঠিত

'পথচলা আলোর সঙ্গে'- প্রতিপাদ্য নিয়ে গত ২০ সেপ্টেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে তৃতীয় ক্ষুদে গবেষক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। চিন্তার চাষ সংগঠনের আয়োজনে সকালে এ সম্মেলনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, গবেষণা কিভাবে করতে হয়, তার একটা ভিত্তি এ বয়সেই তোমরা পেয়েছো। এজন্য চিন্তার চাষ সংগঠনটি প্রশংসার দাবি রাখে। তিনি আরও বলেন, বর্তমানে জ্ঞান নির্ভর অর্থনীতির মধ্য দিয়ে পৃথিবী সমাজ এগিয়ে যাচ্ছে। যে যতো বেশি বুদ্ধি দিয়ে কাজ করবে, সে ততো বেশি দক্ষতা অর্জন করতে পারবে। এ দক্ষতা অর্জনের মধ্য দিয়ে অনেক বেশি আবিষ্কার করতে পারবে। শিক্ষার্থীদের সৃজনশীল কাজের জন্য উৎসাহ প্রদান করে উপাচার্য বলেন, উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটে চিন্তার মধ্য দিয়ে। একটি ভালো চিন্তা সবকিছুকে পরিবর্তন করে দিতে পারে।

এসময় বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক উজ জামান, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. হাসিনা খান, চিন্তার চাষ সংগঠনের চেয়ারম্যান শফিকুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

সম্মেলনে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও বরিশাল বিভাগের ২৮টি স্কুলের শিক্ষার্থীরা অংশ নেয়।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দ্বিশত জন্মবার্ষিকী উপলক্ষ্যে আন্তর্জাতিক সেমিনার

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দ্বিশত জন্মবার্ষিকী উপলক্ষ্যে এক আন্তর্জাতিক সেমিনার গত ২০ সেপ্টেম্বর ২০১৮ আরসি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় সংস্কৃত বিভাগ এবং বিদ্যাসাগর সোসাইটি যৌথভাবে এই সেমিনার আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সংস্কৃতি বিভাগের চেয়ারপার্সন ড. চন্দনা রাণী বিশ্বাসের সভাপতিত্বে সেমিনার উদ্বোধন করেন জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান। ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের ফার্স্ট সেক্রেটারি জিষ্ণু প্রসন্ন মুখার্জী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. নারায়ণচন্দ্র বিশ্বাস স্বাগত ভাষণ দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বিধবা বিবাহ প্রচলন ও বহু বিবাহ রোধসহ সমাজ সংস্কারে অসামান্য অবদান রেখে গেছেন। বাংলা ভাষার সংস্কার ও উৎকর্ষ সাধনেও তিনি অনন্য ভূমিকা রাখেন। উপাচার্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি এবং ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে উনবিংশ শতকের শ্রেষ্ঠ বাঙালি হিসেবে অখ্যায়িত করেন।

আন্তর্জাতিক সেমিনারে বাংলাদেশ ও ভারতের খ্যাতিমান শিক্ষাবিদ ও গবেষকগণ অংশগ্রহণ করছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সেস বিভাগের উদ্যোগে এবং নেদারল্যান্ডের উন্নয়ন সংগঠন এসএনভি-এর সহযোগিতায় "Sexual and Reproductive Health and Rights at Workplace" শীর্ষক ১ম জাতীয় সম্মেলন গত ১৯ সেপ্টেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে উদ্বোধন করা হয়েছে। শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিনব্যাপী এই সম্মেলনের উদ্বোধন করেন। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, ইকোনোমিক অ্যাফেয়ার্স এন্ড ডেভলপমেন্ট কো-অপারেশন বিভাগের প্রধান মি. জেরোয়েন স্ট্রিথস এবং ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)-এর সভাপতি মো. শফিউল ইসলাম। এতে সভাপতিত্ব করেন পপুলেশন সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল ইসলাম।

'পথচলা আলোর সঙ্গে'- প্রতিপাদ্য নিয়ে গত ২০ সেপ্টেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে তৃতীয় ক্ষুদে গবেষক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। চিন্তার চাষ সংগঠনের আয়োজনে সকালে এ সম্মেলনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

বিশ্ব ফার্মাসিস্ট দিবস পালিত

ঢাকা বিশ্ববিদ্যালয় ফার্মেসী অনুষদ এবং ঢাকা ইউনিভার্সিটি ফার্মেসী অ্যালামনাই এসোসিয়েশন (ডিইউপিএএ)-এর যৌথ উদ্যোগে গত ২৫ সেপ্টেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দিনব্যাপী 'বিশ্ব ফার্মাসিস্ট দিবস' পালন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন।

ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম আব্দুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশের ভাইস প্রেসিডেন্ট ও ইউনিমেড এন্ড ইউনিহেলথ্ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এম মোসাদ্দেক হোসেন। মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও চেয়ারম্যান আবদুল মুক্তাদির।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের এক সভা গত ১৬ সেপ্টেম্বর ২০১৮ আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। তাঁর সঙ্গে ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রাধ্যক্ষবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের ক্রিয়াশীল ছাত্র সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলামকে সংগীত বিভাগের সংবর্ধনা প্রদান

জাতীয় অধ্যাপক পদে অধিষ্ঠিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের অনারারী অধ্যাপক ড. রফিকুল ইসলামকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগ গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ রমেশ চন্দ্র মজুমদার আর্টস মিলনায়তনে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

সংগীত বিভাগের চেয়ারপার্সন মিসেস টুম্পা সমদ্দারের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অধ্যাপক ড. রফিকুল ইসলামের উপর মানপত্র পাঠ করেন ড. মহসিনা আক্তার খানম (লীনা তাপসী)। জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলামের হাতে মানপত্র তুলে দেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। স্বাগত বক্তব্য দেন বিভাগের অধ্যাপক ড. শাহনাজ নাসরীন ইলা। সংগীত পরিবেশনের মাধ্যমে অতিথিদের মঞ্চে আমন্ত্রণ জানানো এবং বক্তব্যের বিরতিতে সংগীত বিভাগের শিক্ষার্থীদের সংগীত পরিবেশন অনুষ্ঠানে ভিন্ন মাত্রা যোগ করে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতীয় অধ্যাপক পদে অধিষ্ঠিত হওয়ায় এই শিক্ষাবিদকে অভিনন্দন জানিয়ে বলেন, একজন অধ্যাপকের বিভিন্ন গুণ থাকলেই তাকে জাতীয় অধ্যাপকের মর্যাদা দেওয়া হয়। অধ্যাপক ড. রফিকুল ইসলাম যে শুধু বিভিন্ন গুণে গুণান্বিত তা নয়, ভাষা আন্দোলনসহ বাংলাদেশের মুক্তিযুদ্ধে তার রয়েছে অনবদ্য অবদান। ভাষা আন্দোলনের অসংখ্য দুর্লভ ছবি তুলেছিলেন অধ্যাপক ড. রফিকুল ইসলাম। বিশিষ্ট এই নজরুল গবেষক জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে স্বাধীনতা পরবর্তী সময়ে বাংলাদেশে আনা এবং বঙ্গবন্ধু কর্তৃক তাকে জাতীয় কবির মর্যাদা প্রদান করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছেন। শুধু তা ই নয়, জাতীয় কবিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদের পাশে সমাধিস্থ করার নেপথ্যেও রয়েছে তাঁর অবদান। তাঁকে জাতীয় অধ্যাপকের মর্যাদা দান করায় উপাচার্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

জাতীয় শোক দিবস উদ্‌যাপন পরিষদের উদ্যোগে বঙ্গবন্ধু শিল্পকর্ম প্রদর্শনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১৪ সেপ্টেম্বর ২০১৮ চারুকলা অনুষদের জয়নুল গ্যালরীতে অনুষ্ঠিত হয়েছে। স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা শিল্পী শাহাবুদ্দিন আহমেদ প্রদর্শনীর উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর একান্ত সচিব এ্যাডবোকেট সাইফুজ্জামান শিখর, বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন, ও সাধারণ সম্পাদক গোলাম রব্বানী।

ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৪ সেপ্টেম্বর ২০১৮ অনুষ্ঠিত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে 'গ' ইউনিট-এর অধীনে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ও গ-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম , সিন্ডিকেট সদস্য এস এম বাহালুল মজনুন এবং প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী তাঁর সঙ্গে ছিলেন।

দু'দিনব্যাপী আইন সম্মেলন অনুষ্ঠিত

(১ম পৃষ্ঠার পর) এ্যাডভোকেট ওজায়ের ফারুকের অসাধারণ অবদানের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। আইন সম্মেলন আয়োজনের জন্য তিনি আয়োজকদের ধন্যবাদ জানান। এই সম্মেলন আইন বিষয়ক গবেষণার ক্ষেত্রে তরুণ শিক্ষাবিদদের জন্য কমন প্লাটফর্ম তৈরী করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, এই সম্মেলন শিক্ষাবিদ, আইনজীবী ও গবেষকদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও যোগাযোগ বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, প্রয়াত ওজায়ের ফারুক সুপ্রীম কোর্টের সিনিয়র এ্যাডভোকেট ছিলেন। তিনি ১৯৪৭ সালে জন্মগ্রহণ করেন এবং ২০০৭ সালে মৃত্যুবরণ করেন। দু'দিন ব্যাপী এই সম্মেলনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক এবং মানবাধিকার কর্মীগণ অংশগ্রহণ করেন।

রোভার স্কাউট গ্রুপের বার্ষিক তাঁবুবাস সমাপ্ত

গত ২২ সেপ্টেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের তিন দিনব্যাপী বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠান সমাপ্ত হয়েছে। এরআগে গত ২০ সেপ্টেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বেলুন উড়িয়ে তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোহাম্মদ আতিকুজ্জামান রিপন উপস্থিত ছিলেন।

বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠানের দ্বিতীয় দিনে গত ২১ সেপ্টেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল।

সমাপনী অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) ও ঢাবি রোভার স্কাউট গ্রুপের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ঢাকা জেলা রোভার-এর কমিশনার ও প্রধান স্কাউট ব্যক্তিত্ব অধ্যাপক এনামুল হক খান এলটি বক্তব্য রাখেন।

পারফরমেন্স এ্যাচিভমেন্ট শীর্ষক কর্মশালা

উচ্চশিক্ষার মান উন্নয়ন প্রকল্প (HEQEP)-এর আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত গণিত বিভাগের উদ্যোগে 'স্ট্র্যাটেজিস ফর ইফেকটিভ আন্ডারগ্র্যাজুয়েট এন্ড প্রোগ্রামস্ ইন অ্যাপ্লাইড ম্যাথমেটিক্স' প্রোগ্রামের "পারফরমেন্স এ্যাচিভমেন্ট" শীর্ষক এক কর্মশালা গত ১২ সেপ্টেম্বর ২০১৮ বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনের রেজাউর রহমান অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ। এতে সভাপতিত্ব করেন ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম।

সরকারি সাত কলেজে ১ম বর্ষ স্নাতক সম্মান ও পাস কোর্সে ভর্তির আবেদন প্রক্রিয়ার উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান ও পাস কোর্সে অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৫ সেপ্টেম্বর ২০১৮ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রক্রিয়ার উদ্বোধন করেন। শিক্ষার্থীরা www.7collegedu.com ওয়েবসাইট ব্যবহার করে ভর্তির আবেদন করতে পারবেন এবং বিস্তারিত তথ্য এই ওয়েবসাইটে পাওয়া যাবে। আগামী ২৫ অক্টোবর ২০১৮ বৃহস্পতিবার পর্যন্ত ভর্তির আবেদন করা যাবে।

উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, সাত কলেজ সমন্বয়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক আবু তালেব, বিভিন্ন কলেজের অধ্যক্ষ, শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ৯ নভেম্বর শুক্রবার, কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ১০ নভেম্বর শনিবার এবং বাণিজ্য ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ১৬ নভেম্বর ২০১৮ শুক্রবার অনুষ্ঠিত হবে। বিজ্ঞান ইউনিটের অধীনে ৬ হাজার ৫শ'টি, কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের অধীনে ১১ হাজার ৬শ' ৩০টি এবং বাণিজ্য ইউনিটের অধীনে ৫ হাজার ২শ' ১০টি আসন রয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাতটি কলেজ হচ্ছে -ঢাকা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ এবং সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ।

ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজের বার্ষিক পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ ইউনিভার্সিটি ল্যাবরেটরি (ইউল্যাব) স্কুল ও কলেজ-এর বার্ষিক পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ১৩ সেপ্টেম্বর ২০১৮ টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মিসেস সেলিনা বানুর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সৈয়দা তাহমিনা আখতার।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, প্রকৃত মানুষ হিসেবে গড়ে ওঠার জন্য শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষা নয়, সহশিক্ষা কার্যক্রমটাও জরুরী। তিনি শিক্ষার্থীদের সংস্কৃতিবান মানুষ হিসেবে গড়ে ওঠার আহ্বান জানান।

গত ২০ সেপ্টেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বেলুন উড়িয়ে তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

আল আযহার বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদল

মিশরের আল আযহার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ওসামা ইয়াসিন-এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল গত ২১ সেপ্টেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যদের মধ্যে ছিলেন - উক্ত বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আবদেলদায়েম নোসায়ের, মিশরের মোসতাকবাল ওয়াতান পার্টির পররাষ্ট্র বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রামি জোদি এবং মিশরের আর্ট টেক্সটাইলস-এর ম্যানেজিং ডিরেক্টর মুবারক খান।

এসময় বাংলাদেশের পিএইচপি ফ্যামিলির চেয়ারম্যান সূফী মুহাম্মদ মিজানুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক এ কে সাইফুল ইসলাম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। মত বিনিময়কালে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং আল আযহার বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা কার্যক্রম এবং গবেষণা সংক্রান্ত সম্পর্ক ঘনিষ্ঠ ও জোরদার হবে বলে তাঁরা সহমত পোষণ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য প্রতিনিধি দলকে ধন্যবাদ জানান।

চীনা প্রতিনিধিদল

চীনের লিয়াওচেন বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মা চুনলিন-এর নেতৃত্বে ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২৩ সেপ্টেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- একই বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন সায়েন্স-এর ডিন অধ্যাপক ইউয়ানমিং ইউ, স্কুল অব ফার্মেসীর নির্বাহী পরিচালক অধ্যাপক ড. রেনমিন লিউ, গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. মুরাদ এবং আন্তর্জাতিক প্রোগ্রাম অফিসের পরিচালক ইয়ানটিং সং।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম আব্দুর রহমান সহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের লিয়াওচেন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও মত বিনিময় করা হয়। লিয়াওচেন বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান চীনে উচ্চশিক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের বৃত্তি প্রদানে আগ্রহ প্রকাশ করেন। উপাচার্য বলেন, বাংলাদেশ এবং চীনের মধ্যে দীর্ঘদিন যাবৎ চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে চীনা প্রতিনিধি দলকে অবহিত করেন।

ইরানী প্রতিনিধি

ইরানের শিক্ষা ও প্রযুক্তি বিষয়ক প্রেসিডিয়াম কমিটির সদস্য সাইয়্যেদ হেমায়েত মীরজাদাহ গত ১১ সেপ্টেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইরানের বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এসময় রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের অবস্থানের প্রশংসা করে সাইয়্যেদ হেমায়েত মীরজাদাহ দু-দেশের ধর্মীয় ও সাংস্কৃতিক কার্যক্রম সম্পর্কেও আলোকপাত করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম এবং বাংলাদেশ সম্পর্কে তাঁর ইতিবাচক অভিজ্ঞতা তুলে ধরেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও ঐতিহ্য তুলে ধরেন এবং বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা সম্পর্কে তাঁকে অবহিত করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

চীনের লিয়াওচেন বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মা চুনলিন-এর নেতৃত্বে ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২৩ সেপ্টেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

মিশরের আল আযহার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ওসামা ইয়াসিন-এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল গত ২১ সেপ্টেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

ইরানের শিক্ষা ও প্রযুক্তি বিষয়ক প্রেসিডিয়াম কমিটির সদস্য সাইয়্যেদ হেমায়েত মীরজাদাহ গত ১১ সেপ্টেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের সার্টিফিকেট কোর্সের সনদপত্র বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের "Certificate Course on Preventing Violent Extremism" এর শিক্ষার্থীদের সনদপত্র বিতরণ অনুষ্ঠান গত ২৩ সেপ্টেম্বর ২০১৮ উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্র ভবনস্থ জেনোসাইড স্টাডিজ কেন্দ্রের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে আরও উপস্থিত ছিলেন অধ্যাপক ড. দেলোয়ার হোসেন ও ইউএনডিপি'র রবার্ট স্টোরম্যান।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য কোর্সে অংশগ্রহণকারীদের অভিনন্দন জানিয়ে বলেন, পাকিস্তান কর্তৃক ১৯৭১ এর গনহত্যা আমাদের সহিংস চরমপন্থার কথা মনে করিয়ে দেয়। '৭১ এর গণহত্যায় ও অমানবিক কার্যক্রমে পাকিস্তানী সৈন্য এবং তাদের দোসরদের অন্যতম কেন্দ্র ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়। জেনোসাইড স্টাডিজ সেন্টারের উদ্দেশ্য হল শিক্ষার্থী ও গবেষকদের মাঝে আমাদের ইতিহাসকে বাঁচিয়ে রাখা। ১৯৭১-এ ২ কোটি বাঙালি প্রতিবেশি ভারতে আশ্রয় নিয়েছিল উল্লেখ করে উপাচার্য বলেন, আজ রোহিঙ্গাদের বিপদের সময় বাংলাদেশের সরকার তাদের প্রতি সহযোগিতার হাত বাড়িয়েছে।

উল্লেখ্য, প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার ১৮জন সাংবাদিক ৫দিনব্যাপী এই কোর্সে অংশগ্রহণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় সংস্কৃত বিভাগের উদ্যোগে "Relevance of Sanskrit Studies in the 21st Century" শীর্ষক এক বিশেষ বক্তৃতানুষ্ঠান গত ২৩ সেপ্টেম্বর ২০১৮ রমেশ চন্দ্র মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বক্তৃতানুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। এতে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশস্থ ভারতীয় হাই কমিশনার শ্রী হর্ষ বর্ধন শ্রিংলা। বিশেষ বক্তৃতা প্রদান করেন ভারতের বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক সি. পানদুরাংগা ভট্ট। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্কৃত বিভাগের অধ্যাপক ড. দুলাল কান্তি ভৌমিক।

বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন

গত ১২ সেপ্টেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রের খেলার মাঠের দক্ষিণ-পূর্ব দিকের খালি জায়গায় ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় বৃক্ষায়ন ও সৌন্দর্যবর্ধন কমিটির সভাপতি ও প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আরবরিকালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মিহির লাল সাহা।

অর্থনৈতিক গবেষণা ব্যুরো'র 'কনফারেন্স রুম' উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনৈতিক গবেষণা ব্যুরো'র 'কনফারেন্স রুম'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ২৪ সেপ্টেম্বর ২০১৮ কলা অনুষদ ভবনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'কনফারেন্স রুম'-এর উদ্বোধন করেন। অর্থনৈতিক গবেষণা ব্যুরোর চেয়ারম্যান অধ্যাপক ড. মাহবুবুল মোকাদ্দেম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম। এছাড়াও উপস্থিত ছিলেন ব্যুরো'র পরিচালক অধ্যাপক ড. নাজমা বেগম ও সাবেক পরিচালক অধ্যাপক ড. শফিক উজ জামান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কনফারেন্স কক্ষের আধুনিকায়ন করে সুসজ্জিত করার এই ধরনের উদ্যোগকে সাধুবাদ জানান। এতে সুন্দর ও সুসজ্জিত পরিবেশে গবেষণার কাজে গবেষকরা উপকৃত হবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠান শেষে উপাচার্য অতিথিদের সাথে নিয়ে কনফারেন্স রুমের পাশেই সুসজ্জিত লাইব্রেরি ঘুরে দেখেন।

৫ম আন্তঃহল (ছাত্র-ছাত্রী) জুডো প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় '৫ম আন্তঃহল (ছাত্র-ছাত্রী) জুডো প্রতিযোগিতা ২০১৮'-এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান গত ১৯ সেপ্টেম্বর ২০১৮ বিশ্ববিদ্যালয়ের জিমনেশিয়ামে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রাধ্যক্ষবৃন্দ উপস্থিত ছিলেন।

সকালে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) ও ঢাকা বিশ্ববিদ্যালয় স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন।

বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের ৫টি ও ছাত্রদের ১২টি হলের ছাত্র-ছাত্রী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এরমধ্যে ছাত্রীদের রোকেয়া হল এবং ছাত্রদের হাজী মুহম্মদ মুহসীন হল জয় লাভ করে।

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনৈতিক গবেষণা ব্যুরো'র 'কনফারেন্স রুম'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ২৪ সেপ্টেম্বর ২০১৮ কলা অনুষদ ভবনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'কনফারেন্স রুম'-এর উদ্বোধন করেন। অর্থনৈতিক গবেষণা ব্যুরোর চেয়ারম্যান অধ্যাপক ড. মাহবুবুল মোকাদ্দেম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম।

ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের বার্ষিক ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বার্ষিক পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ১৫ সেপ্টেম্বর ২০১৮ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জাকিয়া পারভীন। ছবিতে উপাচার্যের সাথে প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত ছাত্রীদের দেখা যাচ্ছে।

২৮তম নাজমা জেসমিন চৌধুরী স্মারক বক্তৃতা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের প্রয়াত শিক্ষক ড. নাজমা জেসমিন চৌধুরী স্মরণে ২৮তম স্মারক বক্তৃতা গত ১২ সেপ্টেম্বর ২০১৮ ইনস্টিটিউটের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে

'প্রাণ প্রকৃতি বাংলাদেশ' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আনু মোহাম্মদ। উপস্থিত ছিলেন এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরীসহ ইনস্টিটিউটের শিক্ষকবৃন্দ। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য। অনুষ্ঠান সঞ্চালনা করেন আধুনিক ভাষা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক মিসেস রূপা চক্রবর্তী।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতির বক্তব্যে প্রয়াত শিক্ষক ড. নাজমা জেসমিন চৌধুরীর অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, ব্যক্তিগত জীবনে তিনি অত্যন্ত অমায়িক ছিলেন বলে এখনও সবাই তাঁকে শ্রদ্ধাভরে স্মরণ করেন। এটিই একটি শিক্ষনীয় ব্যপার। অধ্যাপক ড. আনু মোহাম্মদ এর স্মারক বক্তৃতার প্রশংসা করে উপাচার্য বলেন, দেশের সামগ্রিক উন্নয়ন অগ্রগতিতে এই ধরনের লেখাগুলোর গুরুত্ব আছে। ভিন্নমত চর্চা ও সহনশীল দৃষ্টিভঙ্গির চর্চা এই বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য। লেখনীর মাধ্যমে সমালোচনার পাশাপাশি ইতিবাচক দিকও তুলে ধরতে হবে। উপাচার্য নাজমা জেসমিন চৌধুরীর সৃজনশীল কর্ম থেকে সকলকে মৌলিক শিক্ষা গ্রহণের আহ্বান জানান।

স্মারক বক্তৃতায় অধ্যাপক আনু মোহাম্মদ এক দিকে উন্নয়ন অন্যদিকে প্রাণ প্রকৃতির বিপর্যয়সহ দারিদ্র্য ও বৈষম্যের জীবন চিত্র তুলে ধরেন তাঁর বক্তৃতায়। বৈশ্বিক পুঁজিবাদে পিষ্ট সাধারণ মানুষের সমসাময়িক আন্দোলনের প্রসঙ্গেও আলোকপাত করেন তিনি।

অধ্যাপক নাজমা জেসমিন চৌধুরী স্মরণে প্রতিবছরের মত বিদেশি শিক্ষার্থীদের দিয়ে বাংলা রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে ইনস্টিটিউট। বিজয়ী হয়েছে এখানে বাংলা ভাষায় অধ্যয়নরত দক্ষিণ কোরিয়ার শিক্ষার্থী 'সুজিন পা'। তিনি 'পহেলা ফাল্গুন' এ বাংলাদেশে তার অভিজ্ঞতা বাংলা ভাষায় বর্ণনা করেন। পরে উপাচার্য তাকে মেডেল পরিয়ে দেন ও সার্টিফিকেট প্রদান করেন।

চারুকলা অনুষদে বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় মৃৎশিল্প বিভাগের উদ্যোগে সপ্তাহ ব্যাপী বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী গত ২৪ সেপ্টেম্বর ২০১৮ চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর উদ্বোধন করেন।

মৃৎশিল্প বিভাগের চেয়ারম্যান দেবাশীষ পালের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন ও প্রকৌশলী ময়নুল আবেদিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া অংকন ও চিত্রায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক শিশির কুমার ভট্টাচার্য এবং প্রদর্শনী আয়োজক কমিটির আহ্বায়ক সহযোগী অধ্যাপক মো. রবিউল ইসলাম অনুষ্ঠানে বক্তৃতা করেন। মৃৎশিল্প বিভাগের সহযোগী অধ্যাপক ড. আজহারুল ইসলাম শেখ অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মৃৎশিল্পকে সভ্যতার গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বর্ণনা করে বলেন, এই শিল্পের বিকাশ ও উৎকর্ষ সাধনে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে। মৃৎশিল্প বিভাগের শিক্ষার্থীরা শৈল্পিক গুণাবলী ও সৃজনশীলতার মাধ্যমে এই শিল্পকে বিশ্বদরবারে আরও আধুনিক আঙ্গিকে উপস্থাপন করবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, মৃৎশিল্প বিভাগের ৪২ জন শিক্ষার্থীর ৮০টি শিল্পকর্ম প্রদর্শনীতে স্থান পেয়েছে। শ্রেষ্ঠ শিল্পকর্মের জন্য ৮জন কৃতী শিক্ষার্থীকে অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়। আগামী ২৯ সেপ্টেম্বর পর্যন্ত প্রদর্শনী চলবে। প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত গ্যালারি খোলা থাকবে।

'মানুষের জন্য বিজ্ঞান' বিষয়ক গবেষণা এ্যাওয়ার্ড প্রদান

'মানুষের জন্য বিজ্ঞান' প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় বায়োমেডিক্যাল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগ, এডওয়ার্ড এম কেনেডি (ইএমকে) সেন্টার, ঢাকা ইউনিভার্সিটি সায়েন্স সোসাইটি এবং রেলেভেন্ট সায়েন্স এন্ড টেকনোলজি সোসাইটি বাংলাদেশ-এর যৌথ উদ্যোগে গত ১৫ সেপ্টেম্বর ২০১৮ কার্জন হল মিলনায়তনে এক বিজ্ঞান উদ্ভাবনী প্রদর্শনী ও 'মানুষের জন্য বিজ্ঞান' বিষয়ক গবেষণা এ্যাওয়ার্ড অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিনব্যাপী এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইএমকে সেন্টারের পরিচালক লরেন লাভলেস, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. হাসিনা খান এবং প্লাজমা প্লাস ল্যাবের প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা অধ্যাপক ড. আমির হুসেইন খান।

এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ উপস্থিত থেকে এ্যাওয়ার্ড প্রদান করেন। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক প্রথম আলো পত্রিকার যুগ্মসম্পাদক মো. আবদুল কাইয়ুম।

ঢাবি এবং এসআরএফটিআই-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

আন্তর্জাতিক সমঝোতা ও সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগ এবং কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট (এসআরএফটিআই)-এর মধ্যে গত ২৫ সেপ্টেম্বর ২০১৮ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট-এর পরিচালক ড. দেবামিত্র মিত্র নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের চেয়ারপার্সন রিফ্ফাত ফেরদৌস, অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া, ঢাকাস্থ ভারতীয় হাই কমিশনের ফার্স্ট সেক্রেটারি জিষ্ণু প্রসন্ন মুখার্জী এবং সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট-এর ইলেকট্রনিক এন্ড ডিজিটাল মিডিয়া অনুষদের ডিন অভিজিৎ দাসগুপ্ত উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউটের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও পেশাজীবী বিনিময় করা হবে। এছাড়া, চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ে শিক্ষা ও প্রযুক্তিগত জ্ঞান আদান-প্রদান করা হবে। পারস্পরিক কল্যাণে তারা গবেষণা ও চলচ্চিত্র উন্নয়নে যৌথভাবে কাজ করবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এর ফলে বাংলাদেশ এবং ভারতের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

"একের রক্ত অন্যের জীবন, রক্তই হোক আত্মার বন্ধন" প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হল বাঁধন ইউনিটের নবীনবরণ ও রক্তদাতা সম্মাননা অনুষ্ঠান গত ২২ সেপ্টেম্বর ২০১৮ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। বিশেষ অতিথি ছিলেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা, হল বাঁধন ইউনিটের উপদেষ্টা শিক্ষক হাফজা আক্তার ও খন্দকার ফারজানা রহমান। সভাপতিত্ব করেন হল বাঁধন ইউনিটের সভাপতি শরমিলা ইয়সমীন দীনা।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫